গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
০১নং ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

০১ নং ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টারে দায়িত্ব পালনের জন্য ০১ (এক) জন নারী উদ্যোক্তা নিয়োগের নিমিত্তে ধর্মপাশা সদর ইউনিয়নে বসবাসরত নাগরিকগনের নিকট হতে আবেদন অহবান করা হচ্ছে।

| ক্র.নং | পদের নাম | উদ্যোক্তার সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উদ্যোক্তা | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা।<br>(গ) নিজ খরচে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য আনুষাঙ্গিক ক্রয় করার সামর্থ্য।<br>(ঘ) কম্পিউটার চালনায় MS OFFICE এ দক্ষ হতে হবে।<br>(ঙ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষন কোর্সধারীরা ( সনদ বাধ্যতামূলক ) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।<br>(চ) বিবাহীত মহিলারা এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। | |

**শর্তাবলীঃ**

০১) আবেদন দাখিল শুরু ১১/০৯/২০২৫ ইং এবং আবেদন দাখিলের শেষ তারিখ ১৫/০৯/২০২৫ তারিখ। আবেদনকারীকে অবশ্যই নিজের জীবন বৃত্তান্ত নিয়ে স্বশরীরে উপস্থিত হয়ে ০১ নং ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদে অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহন করা হবে না।

০২) আবেদন দাখিলের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও প্রয়োজনীয় কাগজ পত্রাদির ০১ সেট ফটোকপি ও ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

০৩) প্রার্থীর বয়স ১১/০৯/২০২৫ ইং তারিখে ন্যূনতম ১৮ হতে হবে।

০৪) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোন প্রকার অনিয়ম/বিশৃঙ্খল আচরনের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকার স্থায়ীভাবে বসবাসরত গণ্যমান্য ব্যাক্তি/ নিকট আত্মীয়ের নিকট হতে প্রত্যয়নপত্র।

চলমান পাতা-০২

০৫) কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ্য এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্বান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

০৬) নিয়োগ সংক্রান্ত পরবর্তী পদক্ষেপ, ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদের নিজস্ব ফেসবুক পেইজ ( ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদ) ও প্রার্থীর মোবাইলে অবহিত করা হবে।

০৭) উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোন প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিয়োগকারী কর্তৃপক্ষ্য উক্ত নিয়োগের আদেশ বাতিল করতে পারবেন।